

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স- ১৮৮৭

আগরতলা, ২০ নভেম্বর, ২০২৪

এমবিবি বিমানবন্দরে শহীদ শুভঙ্কর ভৌমিকের পার্শ্ব দেহে মুখ্যমন্ত্রীর শেষ শ্রদ্ধা
মাতৃভূমিকে রক্ষা করার ক্ষেত্রে শহীদ শুভঙ্কর ভৌমিকের সাহসিকতা
আমরা দীর্ঘদিন গর্বের সঙ্গে স্মরণে রাখবো : মুখ্যমন্ত্রী



মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা আজ আগরতলা বিমানবন্দরে ভারতীয় সেনাবাহিনীর নায়ক শহীদ শুভঙ্কর ভৌমিকের পার্শ্ব দেহে শেষ শ্রদ্ধা জানান। সিয়াচিন সীমান্তে কর্তব্যরত অবস্থায় শহীদ শুভঙ্কর ভৌমিকের মরদেহ আজ এমবিবি বিমানবন্দরে এসে পৌঁছালে মুখ্যমন্ত্রী মরদেহে পুষ্পার্ঘ্য অর্পণ করে রাজ্যের এই বীর সন্তানের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান। মুখ্যমন্ত্রী জানান, রাজ্যের এই বীর সন্তানের ত্যাগের প্রতি শ্রদ্ধা জানিয়ে রাজ্য সরকারের পক্ষ থেকে শুভঙ্কর ভৌমিকের পরিবারকে মুখ্যমন্ত্রীর ত্রাণ তহবিল থেকে ৪ লক্ষ টাকা দেওয়া হয়েছে। মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা শোকসন্তপ্ত পরিবার পরিজনদের প্রতি সমবেদনা জানিয়ে বলেন, আমাদের মাতৃভূমিকে রক্ষা করার ক্ষেত্রে শহীদ শুভঙ্কর ভৌমিকের সাহসিকতা ও দৃঢ়চেতা মনোভাব আমরা দীর্ঘদিন গর্বের সঙ্গে স্মরণে রাখবো।
